**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৮৩

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৮০তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৮০তম কমিশন সভা অদ্য ০৪/১১/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

'IFIC Guaranteed Sreepur Township Green Zero Coupon Bond' শীর্ষক ১৫০০ কোটি টাকা অভিহিত মূল্যের ও ১০০০ কোটি টাকা ইস্যু মূল্যের বন্ডটির জামিনদার (guarantor) হিসেবে IFIC Bank PLC এবং Adviser ও Arranger হিসেবে IFIC Investments Ltd দায়িত্ব পালন করেছে। IFIC Bank PLC উক্ত বন্ড ইস্যু করেনি, মূলত রিয়েল এস্টেট কোম্পানি Sreepur Township Ltd (এসটিএল) উক্ত বন্ডের মাধ্যমে টাকা উত্তোলন করেছে। কিন্তু বিভিন্ন বিজ্ঞাপনে বন্ডের নাম হিসেবে 'আইএফআইসি আমার বন্ড' নামটি ব্যবহার করা হয়েছে। যা বিনিয়োগকারীকে ধারণা দেয় যে, এ বন্ড IFIC Bank PLC ইস্যু করেছে; কিন্তু IFIC Bank PLC ছিল মূলত বন্ডটির জামিনদার (guarantor)। এভাবে বিনিয়োগকারীদের প্রতারিত করে বিনিয়োগে আকৃষ্ট করা হয়। উল্লেখ্য, কমিশনের ৯৬৫ তম কমিশন সভায় উক্ত বন্ডের অনিয়মের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়েছিল যার বিস্তারিত ৩০/০৭/২০২৫ তারিখে ইস্যুকৃত কমিশনের প্রেস বিজ্ঞপ্তি (সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৫০)-এ উল্লেখ রয়েছে।

**অধিকন্তু, অদ্য কমিশন সভায় সিকিউরিটিজ আইন ও বিধিবিধান ভঙ্গের দায়ে IFIC Bank PLC এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহ আলম সারওয়ার-কে ৫.০০ (পাঁচ) কোটি টাকা অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

04/11/2025

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র